



## বিজ্ঞপ্তি

তারিখঃ ২৪/১২/২০২৫

আগামী ০২ জানুয়ারি ২০২৬ থেকে ০৮ জানুয়ারি ২০২৬ পর্যন্ত ময়নাগুড়ি কলেজে “ছাত্র সপ্তাহ” (স্টুডেন্টস্ উইক) উদযাপন করা হবে। এই উপলক্ষ্যে বিভিন্ন সচেতনতামূলক কর্মশালা, সৃজনশীল অনুষ্ঠান/প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সমগ্র অনুষ্ঠানে মহাবিদ্যালয়ের সমস্ত ছাত্র-ছাত্রীর স্বতঃস্ফূর্ত যোগদান/অংশগ্রহণের জন্য অনুষ্ঠানসূচি এবং প্রয়োজনীয় ক্ষেত্রে নিয়মাবলী নিচে দেওয়া হলো।

### ০২ জানুয়ারি ২০২৬, শুক্রবার

ক) ‘ঐক্যশ্রী’ সচেতনতা শিবির, সময়ঃ বেলা ১১টা থেকে, স্থানঃ রুম নং-০২

দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক : বাসব দাস

খ) কলেজের জাতীয় সেবা প্রকল্পের (এন.এস.এস) উদ্যোগে “ক্যাম্পাস ক্রিনিং ড্রাইভ”, সময়ঃ বেলা ১১টা ৩০ থেকে

দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক : মধুশ্রী রায়

গ) স্টুডেন্টস্ ক্রেডিট কার্ড বিষয়ক কর্মশালা, সময়ঃ বেলা ১২টা ৩০ থেকে, স্থানঃ রুম নং-১৪

দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক : ড. প্রিয়দর্শিনী ঘোষ

### ০৩ জানুয়ারি ২০২৬, শনিবার

ক) ‘বসে আঁকো প্রতিযোগিতা’, বিষয়ঃ ‘শীতের সকাল’, সময়ঃ বেলা ১১টা৩০ থেকে ১টা পর্যন্ত, স্থানঃ ময়নাগুড়ি কলেজ প্রাঙ্গণ  
দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক রামানন্দ কাপাশিয়া (৮৯৪২৮৯৭৫৮১)-র কাছে ০৩/০১/২০২৬-এ ১১টার মধ্যে নাম জমা করতে হবে। শুধু আর্টপেপার কলেজ থেকে দেওয়া হবে, বাকি প্রয়োজনীয় যাবতীয় জিনিস অংশগ্রহণকারীকে আনতে হবে।

খ) পোস্টার চিত্রণ প্রতিযোগিতা, বিষয়ঃ বনসৃজন/নেশা-বিরোধিতা/পরিবেশ সচেতনতা।

দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক রামানন্দ কাপাশিয়া (৮৯৪২৮৯৭৫৮১)-র কাছে ০৩/০১/২০২৬-এ উক্ত বিষয়ের যেকোনো একটি অবলম্বন করে বাড়ি থেকে এ-৪ কাগজে (A-4 Paper) পোস্টার তৈরি করে মধ্যে নাম জমা করতে হবে। সময়ঃ বেলা ১টা৩০ থেকে ২টা৩০-এর মধ্যে।

### ০৪ জানুয়ারি ২০২৬, রবিবার

অনলাইনে কেরিয়ার কাউন্সেলিং বিষয়ে আলোচনা হবে। এ বিষয়ে বিস্তৃত নোটিশ আলাদা করে দেওয়া হবে। সেখানে আলোচনার সময় ও গুণল লিঙ্ক উল্লেখ করা থাকবে।

দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক সুদীপ ভট্টাচার্য

### ০৫ জানুয়ারি ২০২৬, সোমবার

ক্রীড়া প্রতিযোগিতা, সময়ঃ বেলা ১১টা থেকে, স্থানঃ ময়নাগুড়ি কলেজ প্রাঙ্গণ

ক) ছাত্রদের জন্য পাঞ্জা লড়াই ও উইকেটে বল ছোঁড়া

খ) ছাত্রীদের জন্য উইকেটে বল ছোঁড়া ও দু’পায়ে স্কিপিং

আগামী ০৪/০১/২০২৬-এর মধ্যে দায়িত্ব প্রাপ্ত অধ্যাপক হৃষিকেশ সিন্হা (৯৮৩৬১০৬৪৬৭) ও চিকুরঞ্জন রায় (৯৬৪১৫৩১৮০২)-এর সঙ্গে যোগাযোগ করে নাম জমা করতে হবে। নিয়মাবলী তারাই জানিয়ে দেবেন।

### ০৬ জানুয়ারি ২০২৬, মঙ্গলবার

ক) কুইজ প্রতিযোগিতা, বিষয়ঃ বর্তমান সামাজিক ঘটনাসমূহ; রাজ্য, দেশ, পৃথিবী; খেলাধুলো, রাজনীতি, বিজ্ঞান, শিক্ষা। সময়ঃ ১২টা ৩০ থেকে ২টা, স্থানঃ কলেজ অডিটোরিয়াম  
দুইজনের গ্রুপ করে প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে। গ্রুপ নাম জমা করতে হবে ০৫/০১/২০২৬ -এর মধ্যে। দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক অভিষেক চৌধুরী (৭০২৯২৫৮৯৫২) ও স্বর্ণজিত ভদ্র।  
খ) কলেজের গ্রন্থাগার ব্যবহার বিষয়ক শিবির ও অন্যান্য  
এই বিষয়ে পৃথক একটি নোটিশ দেওয়া হয়েছে সেটি অনুসরণ করো

### ০৭ জানুয়ারি ২০২৬, বুধবার

ক) সংগীত প্রতিযোগিতা, সময়ঃ ১১টা ৩০ থেকে শুরু, স্থানঃ রুম নং ১৪  
আগামী ০৭/০১/২৬ প্রতিযোগিতা শুরুর ৩০ মিনিট আগে পর্যন্ত নাম জমা করা যাবে। দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. শর্বরী মুখোপাধ্যায়।  
কেবলমাত্র রবীন্দ্রসংগীত/নজরুলগীতি/লোকসংগীত এই প্রতিযোগিতায় গাওয়া যাবে, কোনো চটুল হিন্দি গান গ্রাহ্য হবে না। শুধু হারমোনিয়াম কলেজ থেকে দেওয়া হবে। বাকি প্রয়োজনীয় উপকরণ/সামগ্রী প্রতিযোগীকেই আনতে হবে।  
খ) নৃত্য প্রতিযোগিতা, সময়ঃ ১১টা ৩০ থেকে শুরু, স্থানঃ কলেজ অডিটোরিয়াম  
আগামী ০৭/০১/২৬ প্রতিযোগিতা শুরুর ৩০ মিনিট আগে পর্যন্ত নাম জমা করা যাবে। দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক ড. প্রিয়দর্শিনী ঘোষ।  
কেবলমাত্র রবীন্দ্রসংগীত/নজরুলগীতি/লোকসংগীত/ভজন/কোনো ধ্রুপদী গানের সঙ্গেই এই প্রতিযোগিতায় নৃত্য পরিবেশন করা যাবে, কোনো চটুল হিন্দি গান গ্রাহ্য হবে না। লুট/পেন ড্রাইভ স্পিকার কলেজে থাকবে, বাকি প্রয়োজনীয় উপকরণ/সামগ্রী/সজ্জা প্রতিযোগীকেই আনতে হবে।  
গ) আবৃত্তি প্রতিযোগিতা, সময়ঃ ১১টা ৩০ থেকে শুরু, স্থানঃ রুম নং – ০২  
আগামী ০৭/০১/২৬ প্রতিযোগিতা শুরুর ৩০ মিনিট আগে পর্যন্ত নাম জমা করা যাবে। দায়িত্বপ্রাপ্ত অধ্যাপক বাসব দাস। স্বরচিত কবিতা ছাড়া যেকোনো কবির কবিতা আবৃত্তি করা যাবে। প্রতিযোগিতার সময় কবিতার একটি প্রিন্ট কপি বিচারকদের কাছে জমা করতে হবে।  
ঘ) কলেজের গ্রন্থাগার ব্যবহার বিষয়ক শিবির ও অন্যান্য  
এই বিষয়ে পৃথক একটি নোটিশ দেওয়া হয়েছে সেটি অনুসরণ করো

### ০৮ জানুয়ারি ২০২৬, বৃহস্পতিবার

ছাত্র সপ্তাহের সমাপ্তি অনুষ্ঠান (সাংস্কৃতিক অনুষ্ঠান, বক্তৃতা, এন সি সি-র প্রদর্শনী, গ্রন্থাগার বিষয়ক শিবির, পুরস্কার বিতরণ ও অন্যান্য)

অনুমত্যনুসারে  
অধ্যক্ষ  
ময়নাগুড়ি কলেজ  
ময়নাগুড়ি, জলপাইগুড়ি